

## 💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১০৫

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

## আরবী

105 - عَنْ شُرَحْبِيلُ ابْنُ شُفْعَةَ عَنْ بَعْضِ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم؛ أَنَّهُ سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم يَقُولُ: «يُقَالُ لِلْولْدَانِ يَوْمَ الْقِيَامَةِ: الله عليه وسلم يَقُولُ: «يُقَالُ لِلْولْدَانِ يَوْمَ الْقِيَامَةِ: الْدُخُلُوا الْجَنَّةَ» قَالَ: «فَيَقُولُونَ: يَا رَبِّ حَتَّى يَدْخُلُ آبَاوُنَا وَأُمَّهَاتُنَا» قَالَ: «فَيَقُولُونَ: يَا قَالَ: فَيَقُولُونَ: يَا رَبِّ آبَاوُنَا وَأُمَّهَاتُنَا» قَالَ: «فَيَقُولُونَ: الْخُلُوا الْجَنَّةَ أَنْتُمْ وَآبَاؤُكُمْ». (حم) حسن

## বাংলা

১০৫. শুরাহবিল ইবনু শুফ'আহ থেকে বর্ণিত, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এক সাহাবি সূত্রে বর্ণনা করেন, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছেন: "কিয়ামতের দিন বাচ্চাদের বলা হবে জান্নাতে প্রবেশ কর"। তিনি বলেন: "তারা বলবে: যতক্ষণ না আমাদের পিতা-মাতা প্রবেশ না করেন"। তিনি বলেন: "অতঃপর তারা আসবে"। তিনি বলেন: আল্লাহ বলবেন: "কি ব্যাপার তাদেরকে কেন নারাজ দেখছি, জান্নাতে প্রবেশ কর"। তিনি বলেন: "অতঃপর তারা বলবে: হে আমার রব, আমাদের পিতা-মাতা"! তিনি বলেন: "অতঃপর তিনি বলবেন: "তোমরা ও তোমাদের পিতা-মাতা জান্নাতে প্রবেশ কর"। [আহমদ] হাদিসটি হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

义 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন